

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৩৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১১১)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - অংশীদারিত্ব ও ওয়াকালাহ্ (দায়িত্ব প্রদান)

### আরবী

وَعَن حَكِيم بن حزَام أَنَّ رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعَثَ مَعَهُ بِدِينَارٍ لِيَشْتَرِيَ لَهُ بِهِ أَضْحِيَّةً فَاشْتَرَى كَبْشًا بِدِينَارٍ وَبَاعَهُ بِدِينَارَيْنِ فَرَجَعَ فَاشْتَرَى أُضْحِيَّةً بِدِينَارٍ فَجَاءَ بِهَا وَبِالدِّينَارِ الَّذِي اسْتَفْضَلَ من الْأُخْرَى فَتصدق رَسُول الله صلى بِالدِّينَارِ فَدَعَا لَهُ أَنْ يُبَارِكَ لَهُ فِي تِجَارَته. رَوَاهُ التِّرْمِذِيِّ

#### বাংলা

২৯৩৭-[৮] হাকীম ইবনু হিযাম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি কুরবানীর পশু ক্রয়ের জন্য একটি দীনার (স্বর্ণমুদ্রা) দিয়ে বাজারে পাঠালেন। তিনি এক দীনারে একটি দুস্বা ক্রয় করলেন এবং তা দুই দীনারে বিক্রি করলেন। অতঃপর তিনি এক দীনার দিয়ে একটি কুরবানীর পশু ক্রয় করলেন। অতঃপর পশু ও অতিরিক্ত দীনার এনে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দিলেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তা (অতিরিক্ত দীনার) দান করে দিলেন এবং তার জন্য দু'আ করলেন যেন তার ব্যবসা-বাণিজ্যে বরকত হয়। (তিরমিয়ী ও আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাঊদ ৩৩৮৬, তিরমিয়ী ১২৫৭। কারণ এর সনদে হাবীব বিন আবি সাবিত একজন মুদাল্লিস রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَتَصَدَّقَ بِه) অর্থাৎ দীনারটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম দান করলেন। এর মাধ্যমে বিদ্বানদের একটি দল এ অংশটিকে মূলনীতি নির্ধারণ করে বলেছেন, যার কাছে সন্দেহের পন্থায় সম্পদ পৌঁছবে এবং তার হকদার কে তা জানবে না, এমতাবস্থায় সে তা দান করে দিবে। এখানে সন্দেহের দিক হলো, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরবানীর প্রাণী বিক্রয়ের ক্ষেত্রে 'উরওয়াকে অনুমতি দেননি এবং হাকীম



বিন হিযামকেও না। এমতাবস্থায় তা দান করার সম্ভাবনা রাখছে, কেননা সে অর্থ তিনি আল্লাহর নৈকট্য লাভের উদ্দেশে কুরবানীর প্রাণী ক্রয়ের জন্য বের করেছেন। সুতরাং তিনি তার মূল্য খেতে অপছন্দ করেছেন। এ উক্তিটি ''নায়নুল আওত্বার''-এ ব্যক্ত করেছেন।' ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, ৩৩৮৪; তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, ১২৫৭)

'আওনুল মা'বূদে অবশিষ্ট আলোচনাতে আছে, খত্বাবী বলেনঃ এ হাদীসটি ঐ হাদীসের অন্তর্ভুক্ত আসহাবুর্ রায় যার দারা দলীল গ্রহণ করে থাকে, কেননা তারা (আসহাবুর্ রায়) 'আমর কর্তৃক যায়দ-এর মাল বিক্রয় বৈধ মনে করে। যায়দ কর্তৃক এর অনুমতি দেয়া ছাড়াই অথবা 'আমর-এর কাছে দায়িত্ব অর্পণ ছাড়াই। অথচ বিক্রয়কে মালিকের অনুমতির উপর ঝুলিয়ে রাখা হয়, অতঃপর মালিক যদি অনুমতি দেয় তাহলে তা বৈধ হয় তবে তারা মালিকরে অনুমতি ছাড়া মালিকের জন্য ক্রয় করা বৈধ মনে করে না। আর মালিক বিন আনাস ক্রয়-বিক্রয় উভয়টা বৈধ বলেছেন। শাফি'ঈ এর কোনটিকেই বৈধ মনে করেন না, কেননা তা ধোঁকা। আর তিনি জানেন না, মালিক ঐ ক্রয়-বিক্রয় অনুমতি দিবেন কি দিবেন না? অনুরূপভাবে তিনি কণের সম্ভুষ্টি অথবা ওয়ালীর অনুমতির উপর ঝুলে থাকা বিবাহকে বৈধ মনে করেন না। ('আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৩৮৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ হাকীম ইবনু হিযাম (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন